



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১৮ কার্তিক ১৪৩১

তারিখ: _____

০৩ নভেম্বর ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

স্বাভাবিক ব্যক্তি করদাতাগণের ইলেকট্রনিক মাধ্যমে অনলাইনে আয়কর রিটার্ন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড এর ২২ অক্টোবর ২০২৪ তারিখের পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.৯৯.০০১.২৪/১৩৪ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। স্বাভাবিক ব্যক্তি করদাতাগণের ইলেকট্রনিক মাধ্যমে অনলাইনে (www.etaxnbr.gov.bd) আয়কর রিটার্ন দাখিল প্রসঙ্গে উল্লিখিত পত্রের নির্দেশনা পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক(ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.৯৯.০০১.২৪/১৩৪

তারিখ: ০৬ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২২ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

বিশেষ আদেশ-০১/২০২৪-২০২৫

বিষয়: স্বাভাবিক ব্যক্তি করদাতাগণের ইলেক্ট্রনিক মাধ্যমে রিটার্ন দাখিল সংক্রান্ত বিশেষ আদেশ।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩২৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, এই আদেশ দ্বারা নিম্নোক্ত স্বাভাবিক ব্যক্তি করদাতাগণের ইলেক্ট্রনিক মাধ্যমে অনলাইনে (www.etaxnbr.gov.bd) আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করিল, যথা-

- (১) ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, গাজীপুর ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে অবস্থিত আয়কর সার্কেলসমূহের অধিক্ষেত্রভুক্ত সকল সরকারি কর্মচারীগণ;
- (২) সকল তফশিলি ব্যাংক এর কর্মকর্তা/কর্মচারীগণ;
- (৩) সকল মোবাইল টেলিকম সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ;
- (৪) ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানি লিমিটেড, ম্যারিকো বাংলাদেশ লিমিটেড, বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেড, বাটা স্যু কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড, নেসলে বাংলাদেশ পিএলসি এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ।

স্বাক্ষরিত/-২২/১০/২০২৪ খ্রি.

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ২। সিনিয়র সচিব/ সচিব,(দুততম সময়ের মধ্যে অধীনস্থ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,.....(দুততম সময়ের মধ্যে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৬। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।
- ৭। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা।
- ৮। কর কমিশনার, কর আপীল অঞ্চল-চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

- ৯। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা।
- ১০। মহাপরিচালক, বিসিএস কর একাডেমী, ঢাকা/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেন্স/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। কর কমিশনার, কর অঞ্চল-১/২/ ৩/৪/৫ /৬/৭/ ৮/৯/১০ /১১/১২/১৩/১৪ /১৫/১৬ /১৭/১৮ /১৯/২০ /২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
- ১২। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ১৩। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/ গাজীপুর/ ময়মনসিংহ/ কুমিল্লা/ বগুড়া/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট/খুলনা/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।
- ১৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ১৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। অফিস কপি/ গার্ড কপি।

H. Shabir Hossain
২৭/১০/২০২৪
(এইচ এম শাহরিয়ার হাসান)
দ্বিতীয় সচিব (কর আইন-২)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড